

আসন্ন সংসদ অধিবেশনেই আরবী বিশ্ববিদ্যালয় বিল পাস ও ইবতেদায়ী শিক্ষকদের বেতনের অর্থ বরাদ্দ দিন

-আলহাজ্ব এএমএম বাহাউদ্দীন

□ স্টাফ রিপোর্টার

বাংলাদেশ জমিয়াতুল মোদারেরেছীনের সভাপতি ও দৈনিক ইনকিলাবের সম্পাদক আলহাজ্ব এএমএম বাহাউদ্দীন বলেছেন, জমিয়াতুল মোদারেরেছীন মাদরাসা শিক্ষকদের সর্ববৃহৎ ও একক অরাজনৈতিক সংগঠন। এ সংগঠন দেশে ধ্বনি আদর্শ প্রতিষ্ঠা, ইসলামী শিক্ষার উন্নয়ন, তাজজিব তমদুনের লালন ও বিকাশের লক্ষ্যে কাজ করে আসছে। এ সংগঠন মাদরাসা শিক্ষকদের অধিকার এবং দাবি-দাওয়া আদায়ের জন্য নিয়মতান্ত্রিক উপায়ে আন্দোলন চালিয়ে আসছে। এমপি, মন্ত্রী হওয়া কিংবা ক্ষমতা-এর লক্ষ্য নয়। তবে শিক্ষকদের দাবি পূরণের মিথ্যা আশ্বাস নিয়ে কোন দলকে রাজনীতি করতে দেয়া হবে না। নির্বাচনী এজেন্ডা কিংবা রাজনৈতিক হাতিয়ার হিসেবে জমিয়াতুল মোদারেরেছীনকে ব্যবহার করা যাবে না। দেশের সর্বত্র মসজিদ,

পৃঃ ১২ কঃ ৪

আসন্ন সংসদ অধিবেশনেই আরবী

প্রথম পৃষ্ঠার পর মাদরাসা, আলোম-ওলামার অপরিণীম প্রভাব রয়েছে। তাদের কোন ধরনের শোভ-লালনা নাই। গতকাল (বুধবার) রাজধানীর মহাশূন্য গাউসুল কমপ্লেক্সে মাদরাসা শিক্ষা ও শিক্ষকদের বিভিন্ন দাবি সম্পর্কে অনুষ্ঠিত বাংলাদেশ জমিয়াতুল মোদারেরেছীন ঢাকা মহানগরীর নেতৃবৃন্দের নিয়ে আলোচনা সভায় তিনি এসব কথা বলেন। ইনকিলাব সম্পাদক বলেন, বর্তমান সরকার ইসলামী আরবী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠাসহ মাদরাসা শিক্ষার বেশকিছু দাবি পূরণের উদ্যোগ নিয়েছে। এজন্য আমরা সরকারকে ধন্যবাদ জানাই। আসন্ন বাজেট অধিবেশনেই যেন ইসলামী আরবী বিশ্ববিদ্যালয়ের বিল পাস করা হয় এবং স্বতন্ত্র ইবতেদায়ী মাদরাসা শিক্ষকদের বেতনের জন্য প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করা হয় সেজন্য সরকারের প্রতি দাবি জানান। জমিয়াতুল মোদারেরেছীন কোন ধরনের রাজনীতির সাথে নাই জানিয়ে তিনি বলেন, ২০১১ সালে মাদরাসার এবতেদায়ী শিক্ষকদের জন্য মাসিক বেতন ১ হাজার টাকা করার যে ঘোষণা স্বয়ং প্রধানমন্ত্রী দিয়েছিলেন। কিন্তু তা এখন পর্যন্ত বাস্তবায়ন হয়নি। আর ১ হাজার টাকা এখন পর্যাপ্তও না। জমিয়াতুল মোদারেরেছীন এবতেদায়ী শিক্ষকদের মাসিক বেতন ৫ হাজার টাকা প্রদানের দাবি জানাচ্ছে। এএমএম বাহাউদ্দীন বলেন, মাদরাসা শিক্ষা ও শিক্ষকদের দাবি নিয়ে কোন ব্যক্তিকে

রাজনীতি করতে দেয়া হবে না। জমিয়াতুল মোদারেরেছীন কারো নির্বাচনী এজেন্ডা বাস্তবায়নে কাজ করবে না। মাদরাসা শিক্ষা ও শিক্ষকদের দাবির সাথে রাজনীতির কোন সম্পর্ক নেই। যারাই মাদরাসা শিক্ষকদের দাবি পূরণ করবে তারাই স্বাভাবিকভাবে তাদের সমর্থন পাবে। ভালো কাজ করলে ভালো কাজের ফল পাবেন। জমিয়াতুল মোদারেরেছীনের সিনিয়র সহ-সভাপতি মাওলানা কবি রুহুল আমিন খান বলেন, দেশের এই অস্থিরতা, অনিশ্চয়তা বিদূরিত হওয়ার জন্য সকলেরই আন্তরিক প্রচেষ্টা চালানো উচিত। উগ্রবাদ, জঙ্গীবাদ, সন্ত্রাস ছড়িয়ে পড়লে তখন ধর্মপালন, উন্নয়ন সব কিছুই তইনছ হয়ে যায়। তাই শান্তির লক্ষ্যে সবারই অবদান রাখা আবশ্যিক। জমিয়াতুল মোদারেরেছীন শান্তি প্রতিষ্ঠার জন্য কাজ করে যাবে। অস্থিতিশীলতার সুযোগে যেনো উগ্রবাদ, জঙ্গীবাদ না আসে সেজন্য সতর্ক থাকবে হবে। দেশে যে সাম্প্রদায়িক শান্তি বিরাজ করছে তা যে বজায় থাকে। দেশ যেনো উন্নয়ন

মিশর কিংবা লিবিয়ার মতো অবস্থা না হয়। এজন্য আলোম সমাজকে সচেতন থাকার জন্য তিনি আহ্বান জানান। সংগঠনের মহাসচিব মাওলানা শাকীর আহমেদ মোমতাজীর পরিচালনায় সভায় বক্তব্য রাখেন, সহ-সভাপতি অধ্যক্ষ মাওলানা ইউনুস, মুফা মহসিন উ. এ কে এম মাহবুবুর রহমান, ঢাকা মহানগরীর সভাপতি মাওলানা আব্দুল বকর সিদ্দিক, অধ্যক্ষ মাওলানা আবদুল রহমান (কুষ্টিয়া), অধ্যক্ষ মাওলানা তাজুল আলম, অধ্যক্ষ মাওলানা রেজাউল হক, অধ্যক্ষ মাওলানা জাহাঙ্গীর আলম মজুমদার, অধ্যক্ষ মাওলানা শামছুল হক কাশেমী, অধ্যক্ষ মাওলানা ইয়াসিন, অধ্যক্ষ মাওলানা আবদুল হাশেম ও মাওলানা ইজহারুল হকসহ ঢাকা মহানগরীর বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।